

সমকাল

বরিশালে সেমিনারে বক্তারা শিক্ষকদের দুরবস্থা কাটাতে শিক্ষা জাতীয়করণ জরুরি

১১ মে ২০১৮

বরিশাল ব্যুরো

'শিক্ষকদের সুখী করতে না পারলে শিক্ষার গুণগত মান বাড়বে না। শিক্ষা জাতীয়করণ ছাড়া বেসরকারি শিক্ষকদের দুরবস্থা দূর করার বিকল্প কোনো পথ নেই। দেশে শিক্ষাক্ষেত্রে যে বৈষম্য চলছে, বিশ্বের কোথাও তা নেই। শিক্ষার মানোন্নয়নে মূল বাজেটের ২০ শতাংশ এবং জিডিপির কমপক্ষে ৬ শতাংশ শিক্ষা খাতে বরাদ্দ দিতে হবে, যা এখন সময়ের দাবি।' বরিশাল আঞ্চলিক শিক্ষক সমিতি আয়োজিত 'কেমন বাজেট চাই' শীর্ষক শিক্ষা বাজেটবিষয়ক এক সেমিনারে বক্তারা এসব কথা বলেন।

গতকাল বৃহস্পতিবার বরিশাল নগরীর অক্সফোর্ড মিশন হাই স্কুল মিলনায়তনে এ সেমিনার উদ্বোধন করেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এস এম ইমামুল হক। মূল প্রবন্ধ উপস্থাপন করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের অধ্যাপক ড. এম এম আকাশ। প্রধান আলোচক ছিলেন সমকালের উপ-সম্পাদক অজয় দাশগুপ্ত। সভাপতিত্ব করেন বাংলাদেশ শিক্ষক সমিতি, বরিশাল আঞ্চলিক শাখার সভাপতি অধ্যাপক ফরিদুল আলম জাহাঙ্গীর। বক্তব্য রাখেন কেন্দ্রীয় উপদেষ্টা দাশগুপ্ত আশীষ কুমার, বাংলাদেশ শিক্ষক সমিতির কেন্দ্রীয় সাধারণ সম্পাদক মো. আবুল কাশেম, কেন্দ্রীয় নেতা রঞ্জিত কুমার সাহা, বরিশাল আঞ্চলিক শাখার সাধারণ সম্পাদক তোফায়েল আহমেদ, শিক্ষক নেতা মোস্তফা জামান খান, কাজী মিজানুর রহমান প্রমুখ। সঞ্চালনায় ছিলেন শিক্ষক সমিতি বরিশাল জেলা শাখার সাধারণ সম্পাদক আসাদুল ইসলাম ও এনায়েত হোসেন মল্লিক।

উপাচার্য ইমামুল হক বলেন, প্রাথমিক থেকে বিশ্ববিদ্যালয় পর্যন্ত শিক্ষার সঙ্গে সংশ্লিষ্ট সবার জন্য প্রয়োজন আর্থিক নিশ্চয়তা। অন্যথায় শিক্ষার মান ধরে রাখা কঠিন হয়ে পড়বে।

মূল প্রবন্ধে বলা হয়, ধনীদের কাছ থেকে বিশেষ শিক্ষা সারচার্জ আদায় করে তা শিক্ষা খাতে ব্যয় করা সম্ভব। সব স্তরে শিক্ষার মান বৃদ্ধি ও শিক্ষিত জনসম্পদ গড়তে টেকনিক্যাল এবং ভোকেশনাল শিক্ষার বিকাশের জন্য বাড়তি অর্থ বরাদ্দ প্রয়োজন। শিক্ষকদের উপযুক্ত প্রশিক্ষণ, নিয়োগ ও আর্থিক প্রণোদনা নিশ্চিত করা আবশ্যিক হয়ে পড়েছে।

মূল প্রবন্ধে তুলে ধরা হয়, বর্তমানে শিক্ষা খাতে বাংলাদেশে গড়ে শিক্ষার্থীপ্রতি বছরে ব্যয় হয় ১০০ ডলার। কিন্তু উন্নয়নশীল দেশগুলোর গড় ব্যয় ৩০০ ডলার। জিডিপিতে শিক্ষা ব্যয় অনুপাত বিচারে বিশ্বের ৬১টি দেশের মধ্যে বাংলাদেশের অবস্থান ৫৫তম। এ অবস্থার উন্নয়ন জরুরি।

প্রধান আলোচক সমকালের উপ-সম্পাদক অজয় দাশগুপ্ত বলেন, বর্তমান বাস্তবতায় দাবি আদায়ের জন্য রাস্তায় নামার তেমন যৌক্তিকতা নেই। শিক্ষা এবং শিক্ষকদের জন্য বাংলাদেশের গণমাধ্যম অত্যন্ত সোচ্চার। বরিশালের এ সেমিনারের মাধ্যমে সমগ্র বাংলাদেশের বেসরকারি শিক্ষকদের স্বার্থ তুলে ধরা হয়েছে। তিনি আরও বলেন, দেশে পাঁচ কোটি শিক্ষার্থীর জন্য ২৫ লাখ শিক্ষক। শিক্ষার গুণগত মান বাড়ানোর স্বার্থেই শিক্ষা বাজেট বাড়াতে হবে।

© সমকাল 2005 - 2017

সম্পাদক : গোলাম সারওয়ার । প্রকাশক : এ কে আজাদ

১৩৬ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ । ফোন : ৮৮৭০১৭৯-৮৫, ৮৮৭০১৯৫, ফ্যাক্স : ৮৮৭০১৯১, ৮৮৭৭০১৯৬, বিজ্ঞাপন : ৮৮৭০১৯০ । ইমেইল: info@samakal.com